

J.L., এবং অন্যরা. V. N.Y. সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশন, এবং অন্যরা, 17-CV-7150 (WHP) (KHP)

### শিক্ষার্থীর রেকর্ডসমূহ সম্ভাব্য প্রকাশের বিজ্ঞপ্তি

অনুগ্রহ করে মনোযোগ সহকারে পড়ুন। এটি একটি মামলায় নথীপত্র বা ডকুমেন্ট প্রকাশ সম্পর্কিত বিষয়ে ইউনাটেড স্টেটস ডিস্ট্রিক্ট কোর্ট থেকে দেয়া একটি বার্তা, যেটায় আপনার সন্তান সংক্রান্ত তথ্যও থাকতে পারে।

স্প্যানিশ, আরবি, বাংলা, চাইনিজ, ফ্রেঞ্চ, হেশিয়ান ক্রিওল, কোরিয়ান, রাশিয়ান, এবং উর্দু ভাষায় অনুবাদ পাওয়া যাবে উল্লিখিত ওয়েবসাইটে: <https://infohub.nyced.org/in-our-schools/translations/special-education>.

### এই মামলার প্রকৃতি

এই মামলায়, J.L. বনাম NYC DOE-এ, বাদী হচ্ছে তিনজন প্রতিবন্ধিতায়ুক্ত শিক্ষার্থী ও তাদের পিতামাতাগণ। বাদীগণ দাবি করেছে যে, NYC ডিপার্টমেন্ট অভ এডুকেশন, ইনডিভিজুয়ালস্ উইদ ডিস্যাবিলিটিজ এডুকেশন অ্যাক্ট বা প্রতিবন্ধিতায়ুক্তদের জন্য শিক্ষা আইনের (এবং অন্য সম্পর্কিত আইনসমূহ) অধীনে তাদের অধিকার লঙ্ঘন করেছে কারণ তাদেরকে সমন্বিত নার্সিং সুবিধা, পরিবহন, এবং পোর্টার পরিষেবা, যেগুলোর সবগুলো স্কুলে যাবার জন্য তাদের দরকার সেগুলো নিয়মানুগভাবে তাদের বিলম্বে প্রদান করেছে। NYC ডিপার্টমেন্ট অভ এডুকেশন এসব অভিযোগ অস্বীকার করে।

বাদীগণের প্রতিনিধিত্ব করছে অ্যাডভোকেটস্ ফর চিলড্রেন অভ নিউ ইয়র্ক, <https://www.advocatesforchildren.org/>, (866) 427-6033, এবং গ্রিনবার্গ ট্রাইং (Greenberg Traurig), LLP, <https://www.gtlaw.com/en>.

### ডকুমেন্টের জন্য অনুরোধ

এই মামলার অংশ হিসেবে, বাদীগণ NYC ডিপার্টমেন্ট অভ এডুকেশনকে কিছু নির্দিষ্ট নথীপত্র বা ডকুমেন্ট দাখিলের অনুরোধ জানাচ্ছে, যেগুলোতে আপনার সন্তানসহ শিক্ষার্থীদের সুরক্ষিত ব্যক্তিগত তথ্য থাকতে পারে। অনুরোধকৃত ডকুমেন্টগুলির কিছু নমুনার মধ্যে রয়েছে পিতামাতা কর্তৃক নার্সিং পরিষেবা, পোর্টার পরিষেবা এবং/অথবা পরিবহনে বিশেষ সুবিধার (যেমন, বাসে নার্স ব্যবস্থা) অনুরোধ। আপনি যদি বর্তমান অথবা প্রাক্তন একজন শিক্ষার্থী, অথবা কোন শিক্ষার্থীর পিতামাতা বা অভিভাবক হন, যিনি 1 অগাস্ট, 2015 এবং 1 ডিসেম্বর, 2019-এর মাঝে নার্সিং পরিষেবা, পোর্টার পরিষেবা এবং/অথবা পরিবহনে বিশেষ সুবিধা পেয়েছেন অথবা তার জন্য অনুরোধ জানিয়েছেন, সেক্ষেত্রে আপনাকে আপনার রেকর্ড অথবা আপনার সন্তানের রেকর্ড দাখিল করা যেতে পারে।

যদি NYC ডিপার্টমেন্ট অভ এডুকেশন আপনার অথবা আপনার সন্তানের রেকর্ড দাখিল করে, রেকর্ডগুলি একান্ত রাখা হবে এবং শুধু মামলার পক্ষ ও বিপক্ষ উকিল বা অ্যাটর্নিগণ, তাদের বিশেষজ্ঞবৃন্দ, এবং আদালত সেগুলি দেখতে সক্ষম হবে। পার্টিদ্বয় একটি কোর্ট-আদেশকৃত গোপনীয়তার চুক্তিতে আবদ্ধ হয়েছে, যার অর্থ হচ্ছে যে কোনো শিক্ষার্থীর রেকর্ড পাবলিক অথবা অন্য কোন শিক্ষার্থী অথবা পিতামাতার কাছে প্রকাশ করা হবে না।

### শিক্ষার্থীদের গোপনীয়তার অধিকার

এই মামলায় আপনার অথবা আপনার সন্তান সম্পর্কিত যেকোনো ডকুমেন্ট দাখিলের বিরুদ্ধে প্রতিবাদ জানানোর সুযোগ আপনার রয়েছে। ফ্যামিলি এডুকেশনাল রাইটস অ্যান্ড প্রাইভেসি অ্যাক্ট (“FERPA”), 20 U.S.C. § 1232g(b) এবং 34 C.F.R. § 99.31(a)(9)(ii), এবং ইন্ডিভিজুয়ালস্ উইদ ডিস্যাবিলিটিজ এডুকেশন অ্যাক্ট (“IDEA”), 20 U.S.C. §§ 1400, et seq. হলো ফেডারেল সরকারের আইন যা শিক্ষার্থীর রেকর্ডের গোপনীয়তা সুরক্ষিত করে। এই আইনগুলো কোর্টের আদেশ সাপেক্ষে এসব নথি কোন স্কুল ডিস্ট্রিক্ট রেকর্ড প্রকাশের আগে যৌক্তিক প্রচেষ্টা চালায় যাতে শিক্ষার্থী ও পিতামাতাদেরকে সুরক্ষিত ব্যক্তিগত তথ্য সম্বলিত রেকর্ড, প্রকাশের জন্য প্রস্তুত করার আগে, সেগুলোর প্রকাশ বারণ করার জন্য যথেষ্ট সময় প্রদান করে প্রকাশের অনুমোদন দেয়।

যদি, নোটিস পাবার পরে, কোনো পিতামাতা এবং/অথবা শিক্ষার্থী প্রতিবাদ জানায়, নথী বা ডকুমেন্ট দাখিল করা হতে পারে, কিন্তু সুরক্ষিত ব্যক্তিগত তথ্য অপসারণ করা হবে যেন তথ্যগুলো বাদীদের উকিল বা অ্যাটর্নিরা দেখতে না পারেন। সুরক্ষিত ব্যক্তিগত তথ্যের মধ্যে রয়েছে শিক্ষার্থীর নাম, পিতামাতা ও অভিভাবকের নাম (যাতে আছে মায়ের কুমারী নাম); পরিবারের সদস্যদের নাম; সোশ্যাল সিকিউরিটি নাম্বার; বাড়ির ঠিকানা; এবং বাড়ির ফোন নম্বর; এবং জন্মের তারিখ ও স্থান।

### কীভাবে আপত্তি উত্থাপন করতে হবে

এই বিজ্ঞপ্তি NYC ডিপার্টমেন্ট অভ এডুকেশনের অন্য কোন বিচারার্থী অন্য কোনো বিষয় সংক্রান্ত আপনার বা আপনার সন্তানের কোন অধিকারে প্রভাব ফেলে না।

আপনার অথবা আপনার সন্তানের রেকর্ড প্রকাশে আপত্তি করায় আপনার কোনো বাধা নেই। আপনার যদি কোন অ্যাটর্নি অথবা অ্যাডভোকেট থাকে যিনি সহায়তা প্রদান করছেন, আপনি তার সাথে এই নোটিসের ব্যাপারে কথা বলতে পারেন।

উপরে বর্ণিত তথ্য প্রকাশে আপনার আপত্তি না থাকলে, আপনাকে কিছু করতে হবে না।

উপরে বর্ণিত তথ্য প্রকাশে যদি আপনার আপত্তি থাকে তাহলে আপনাকে অবশ্যই: “Objection to Disclosure of Student Information and Records Case No. 17-CV-7150” (শিক্ষার্থীর তথ্য এবং রেকর্ড প্রকাশে আপত্তি কেস নম্বর 17-CV-7150) ফর্ম পূরণ করতে হবে যা এই নোটিসের সাথে সংযুক্ত আছে অথবা <https://www.schools.nyc.gov/learning/special-education/help> -সাইটে পাওয়া যাবে, এবং সেটি (1) কোর্টের [Parker\\_NYSDChambers@nysd.uscourts.gov](mailto:Parker_NYSDChambers@nysd.uscourts.gov) ঠিকানায় “file under seal” (সীলযুক্ত অবস্থায় দাখিল)-এর অনুরোধসহ ইমেইল করুন (আপত্তিটি গোপনীয় রাখবে), অথবা (2) নিচের ঠিকানায় ডাকযোগে কোর্ট পাঠিয়ে দিন:

The Honorable Katharine H. Parker  
c/o Clerk of the Court  
Southern District of New York  
500 Pearl Street  
New York, NY 10007  
Attn: DOCUMENT FILED UNDER SEAL

সকল আপত্তি অবশ্যই আদালতে 31 অগাস্ট, 2020-এর মধ্যে পৌঁছাতে হবে।

আদালতে ফোন করবেন না। আদালত এ বিষয়ে কোন ফোন কল গ্রহণ করবে না।

আপনার সন্তানের (অথবা আঠারো বছরের অধিক বয়স্ক হলে আপনার নিজের) রেকর্ড প্রকাশ কীভাবে আপত্তি করতে পারেন সেবিষয়ে আরও তথ্য পেতে, কিংবা কীভাবে এই বিজ্ঞপ্তির অনুবাদ প্রয়োজন হলে, অনুগ্রহ করে <https://infohub.nyced.org/in-our-schools/translations/special-education> -এই ওয়েবসাইটটি দেখুন।

আপনি যদি 31 অগাস্ট, 2020-এর মধ্যে আপত্তির বা অবজেকশন ফর্ম জমা না দেন, তাহলে ধরে নেয়া হবে যে আপনি শিক্ষার্থীর সুরক্ষিত ব্যক্তিগত তথ্য সম্বলিত তথ্য ও রেকর্ড প্রকাশে আপত্তি করার অধিকার প্রয়োগ করছেন না। যদি আপনি আপত্তি জানান, কোর্ট আপনার আপত্তির গোপনীয়তার (“সীলযুক্ত ভাবে”) রেকর্ড সংরক্ষণ করবে।

সীলযুক্তভাবে দাখিল

শিক্ষার্থীর তথ্য ও রেকর্ড প্রকাশে আপত্তি

আমি একজন পিতামাতা, অভিভাবক, অথবা শিক্ষার্থী যার বয়স আঠারো (18) অথবা তার চেয়ে বেশি।

আমি শিক্ষার্থীর রেকর্ডের সম্ভাব্য প্রকাশের বিজ্ঞপ্তি আমি পড়েছি ও বুঝেছি।

J.L., এবং অন্যরা v. N. Y. সিটি ডিপার্টমেন্ট অব এডুকেশন, এবং অন্যরা, সাউদার্ন ডিস্ট্রিক্ট, কেইস নং. 17-CV-7150 (WHP) (KHP) মামলার সাথে সংশ্লিষ্ট নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশনের সংরক্ষণে থাকা শিক্ষাগত রেকর্ড এবং সুরক্ষিত ব্যক্তিগত তথ্য<sup>1</sup> প্রকাশে আমি আপত্তি করছি :

দয়া করে স্পষ্ট হরফে লিখুন।

পিতামাতা/অভিভাবকের নাম: \_\_\_\_\_

শিক্ষার্থীর (শিক্ষার্থীদের) নাম: \_\_\_\_\_

শিক্ষার্থীর জন্মতারিখ: \_\_\_\_\_

শিক্ষার্থীর ID #: \_\_\_\_\_

সর্বশেষ যে স্কুলে পড়েছে: \_\_\_\_\_

ঠিকানা: \_\_\_\_\_

তারিখ

পিতামাতা/অভিভাবকের স্বাক্ষর অথবা  
প্রাপ্তবয়স্ক শিক্ষার্থী/প্রাক্তন শিক্ষার্থী

এই ফর্মটি অবশ্যই পাঠাতে হবে, হয় 1) ইমেইলে "file under seal,"-এর অনুরোধসহ  
[Parker\\_NYSDChambers@nysd.uscourts.gov](mailto:Parker_NYSDChambers@nysd.uscourts.gov) ঠিকানায় অথবা (2) ডাকযোগে নিচের ঠিকানায়:

The Honorable Katharine H. Parker

c/o Clerk of the Court

Southern District of New York

500 Pearl Street

New York, NY 10007

Attn: DOCUMENT FILED UNDER SEAL

এই আপত্তির ফর্ম অবশ্যই আদালতে 31 অগাস্ট, 2020-এর মধ্যে পৌঁছাতে হবে।

<sup>1</sup> "সুরক্ষিত ব্যক্তিগত তথ্য (প্রোটেক্টেড পার্সনাল ইনফর্মেশন)"-এর মধ্যে আছে, তবে তা এর মধ্যে সীমিত নয়: শিক্ষার্থীর নাম, পিতামাতা ও অভিভাবকের নাম (যাতে আছে মায়ের কুমারী নাম); পরিবারের সদস্যদের নাম; সোশ্যাল সিকিউরিটি নম্বর; বাড়ির ঠিকানা; এবং বাড়ির ফোন নম্বর; এবং জন্মের তারিখ ও স্থান।